দৈনিক ইনকিলাব

তারিখ 03 JAN 2006
পৃষ্ঠা ... কলাম ...

# গাজীপুরে বোমাতঙ্কে বহু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

মোঃ আব্দুস সামাদ

পরপর দু'দিন আত্মঘাতী বোমা হামলার ঘটনায় গাজীপুর জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। আত্মঘাতী বোমা হামলার ঘটনার পর জেলার সব স্কুল, কলেজ ও মাদ্রাসায় ছাত্রছাত্রীদের উপস্থিতি খুবই কম। গাজীপুরে পরপর দু'দিন আত্মঘাতী বোমা হামলার ঘটনায় জেলার প্রায় সব স্থানে গুঞ্জন ছড়িয়ে পড়েছে যে, স্কুল, কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠানেও 'বোমা হামলা হবে'। এ ধরনের খবর প্রচার হওয়ার পর এখন জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের উপস্থিতি খুবই কম ও শিক্ষকদের মধ্যে চরম আতঙ্ক এবং অভিভাবকদের মধ্যে চরম হতাশা বিরাজ করছে। শহরের জয়দেবপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ বোমা আতঙ্কের কারণে বিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন। জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে চলতি মাসেই বার্ষিক পরীক্ষা অনুষ্ঠানের সময় নির্ধারিত সময়। উচ্চ বিদ্যালয়সমূহ, প্রাথমিক বিদ্যালয় এবং বাচ্চাদের স্কুলগুলিতে ইতোমধ্যে পরীক্ষার সময়সূচী (রুটিন) কর্তৃপক্ষ ঘোষণা করেছেন। অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে এখন ভয় পাচ্ছেন। বিদ্যালয়ের শিক্ষকরা ছাত্রছাত্রীদের নিয়ে এক উৎকণ্ঠার মধ্যে বিদ্যালয়ের ক্লাস নিয়েছেন। বার্ষিক পরীক্ষার কারণে অনেকেই বিদ্যালয়সমূহ বন্ধ বা ছুটি ঘোষণা করতে পারছেন না। শিক্ষকরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। আত্মঘাতী বোমা হামলাকারী কখন কোন বিদ্যালয়ের শ্রেণীকক্ষে ঢুকে পড়ে এবং বোমা ফাটায় এ ভয় এখন সবার। গত ২৯ নভেম্বর গাজীপুর জেলা

প্রশাসনের প্রধান ফটকে (গেট) আত্মঘাতী বোমা হামলার নিহত এব
আহতসহ অন্যান্য ক্ষয়ক্ষতির ঘটনায় জেলাবাসীর মধ্যে এক চরম আত
বিরাজ করছে। প্রশাসন মানুষের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিভি
স্থানে পুলিশ মোতায়েন করেছেন। দিনের বেলায় র‍্যাব সদস্যরা টহ
দিচ্ছে। বিভিন্ন স্থানে সন্ধ্যার আগেই অনেক ব্যবসায়ী তাদের দোকানপা
ও ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে যে যার বাড়ী বা বাসায় চলে যাচ্ছে।
আবাসিক এলাকার অভিভাবকদের মধ্যে এখন চরম উৎকণ্ঠা লক্ষ
করা যাচ্ছে। প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীরা এখন অফিসে যেতে চর
ভয় পাচ্ছেন। অনেকের মা-বাবা তাদের ছেলেমেয়েদের, স্ত্রী ত
স্বামী, আবার স্বামী তার স্ত্রীকে অফিস-আদালতে যেতে মানা করছেন
স্থানীয় প্রশাসনও বিষয়টি নিয়ে উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন। বিশেষ কা
পুলিশ বাহিনীর সদস্যদের মধ্যে এই আতঙ্ক কাজ করছে বেশী। পুলি
কাউকে চেক করতে এখন ভয় পাচ্ছে। পুলিশ কাউকে সন্দেহ করে
তাকে দূরে দাঁড় করিয়ে চেক করছে। পুলিশ বাহিনীর সদস্যদের জে
প্রশাসন গেটে ও জজশীপ গেটে ডিউটি করতে দেখা গেছে। কোথা
লোকজনকে সমাবেশ ও দলবদ্ধভাবে চলাচল করতে দেখা যাচ্ছে ন
গাজীপুর জেলার বিভিন্ন স্থানে ও সড়কে পুলিশী নিরাপত্তা ব্যব
জোরদার করা হয়েছে। গাজীপুর শহরের রাজবাড়ী সড়ক, শিববা
মোড়, চান্দনা চৌরাস্তা, টঙ্গী স্টেশন রোড, বাসস্ট্যান্ড, পূবাইল কলে
গেট, জয়দেবপুর রেলওয়ে জংশনে পুলিশী নিরাপত্তা ব্যবস্থা অত্য
জোরালো ও শক্তিশালী। শহরের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষে
প্রশাসন রেলওয়ে জংশনের বাউন্ডারীর পশ্চিম পাশের গেট বন্ধ এ